

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৩৬০

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মুসল্লী ব্যক্তির সামনে দিয়ে গমন করার ব্যাপারে নিষেধাজ্ঞা

ذِكْرُ الزَّجْرِ عَنِ الْمُرُورِ بَيْنَ يَدَيِ الْمُصلِّي

## আরবী

2360 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدِ بْنِ سِنَانِ قَالَ: حَدَّثَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِكِ عَنْ أَبِي النَّضْرِ مَوْلَى عُمَرَ بْنِ عُبَيْدِ اللَّهِ عَنْ بُسْرِ بْنِ سَعِيدٍ : أَنَّ زَيْدَ بْنَ خَالِدٍ أَرْسَلَهُ إِلَى أَبِي جُهَيْمٍ يَسْأَلُهُ مَاذَا سَمِعَ مِنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي الْمَارِّ بَيْنَ يَدَي جُهَيْمٍ قَالَ أَبُو جُهَيْمٍ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (لَوْ يَعْلَمُ الْمَارُّ بَيْنَ يَدَي الْمُصَلِّي عَانَا عَلَيْهِ لَكَانَ أَنْ يَقِفَ أَرْبَعِينَ خَيْرًا لَهُ مِنْ أَنْ يَمُرَّ بَيْنَ يَدَيْهِ) لَا أَدْرِي سَنَةً قَالَ أَمُ سَعَةً الْ وَسِالَةِ عَلَيْهِ وَسَلَّمَ الْمُصَلِّي مَاذَا عَلَيْهِ لَكَانَ أَنْ يَقِفَ أَرْبَعِينَ خَيْرًا لَهُ مِنْ أَنْ يَمُرَّ بَيْنَ يَدَيْهِ) لَا أَدْرِي سَنَةً قَالَ أَمْ شَهْرًا أو يوما أو ساعة؟

الراوي : بُسْر بْن سَعِيدٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2360 | خلاصة حكم المحدث: صحيح \_ ((صحيح أبي داود)) (698): ق.

## বাংলা

২৩৬০. বুসর বিন সা'ঈদ থেকে বর্ণিত, তিনি বলেন, "যাইদ বিন খালিদ তাকে আবৃ জুহাইম রাদ্মিল্লাছ আনহুর কাছে পাঠান এই মর্মে যে, তিনি তাকে জিজ্ঞেস করবেন যে, তিনি মুসল্লী ব্যক্তির সামনে গিয়ে গমনকারী ব্যক্তির ব্যাপারে রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লামের কাছ থেকে কী হাদীস শ্রবণ করেছেন। আবৃ জুহাইম রাদ্মিয়াল্লাছ আনহু বলেন, রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "মুসল্লী ব্যক্তির সামনে দিয়ে গমনকারী ব্যক্তি যদি জানতো যে, এতে তার কী পরিমাণ গোনাহ হয়, তবে তার সামনে অতিক্রম করার চেয়ে চল্লিশ ... দাঁডিয়ে থাকা তার জন্য উত্তম বিবেচিত হতো।"

রাবী বলেন, "আমি জানি না, তিনি কি চল্লিশ বছর, মাস, দিন নাকি ঘন্টার কথা বলেছেন।"[1]



## ফুটনোট

[1] মুয়াতা ইমাম মালিক: ১/১৫৪-১৫৫; মুসনাদ আহমাদ: ৪/১৬৯; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২৩২২; দারেমী: ১/৩২৯-৩৩০; সহীহ আল বুখারী: ৫১০; সহীহ মুসলিম: ৫০৭; তিরমিযী: ৩৩৬; নাসাঈ: ২/৬৬; আবূ দাউদ: ৭০১; তাহাবী, মুশকিলুল আসার: ৮৫; সুনান বাইহাকী: ২/২৬৮; বাগাবী: ৫৪৩; মুসান্নাফ ইবনু আবী শাইবাহ: ১/২৮২; ইবনু মাজাহ: ৯৪৫; আবূ আওয়ানা: ২/৪৪-৪৫; সহীহ ইবনু খুয়াইমাহ: ৮১৩।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৬৯৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ বুসর ইবনু সা'ঈদ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন